# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ 'ইশার পর কথাবার্তা বলার অনুমতি প্রসঙ্গে।

باب مَا جَاءَ مِنَ الرُّخْصَةِ فِي السَّمَرِ بَعْدَ الْعِشَاءِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَسْمُرُ مَعَ أَبِي بَكْرٍ فِي الأَمْرِ مِنْ أَمْرِ الْمُسْلِمِينَ وَأَنَا مَعَهُمَا . وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَأَوْسِ بْنِ حُذَيْفَةَ وَعِمْرَانَ بْنِ حُصَيْنٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ الْحَسَنُ بْنُ عُبَيْدِ اللَّهِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ رَجُلٍ مِنْ جُعْفِيٍّ يُقَالُ لَهُ قَيْسٌ أَوِ ابْنُ قَيْسٍ عَنْ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم هَذَا الْحَدِيثَ فِي قِصَّةٍ طَوِيلَةٍ . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ فِي السَّمَرِ بَعْدَ صَلاَةِ الْعِشَاءِ الآخِرَةِ فَكَرِهَ قَوْمٌ مِنْهُمُ السَّمَرَ بَعْدَ صَلاَةِ الْعِشَاءِ وَرَخَّصَ بَعْضُهُمْ إِذَا كَانَ فِي مَعْنَى الْعِلْمِ وَمَا لاَ بُدَّ مِنْهُ مِنَ الْحَوَائِجِ وَأَكْثَرُ الْحَدِيثِ عَلَى الرُّخْصَةِ . وَقَدْ رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لاَ سَمَرَ إِلاَّ لِمُصَلٍّ أَوْ مُسَافِرٍ " .

বাংলা

১৬৯. আহমদ ইবনু মানী (রহঃ) ...... উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন মুসলিমদের কোন সমস্যা নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর রাদিয়াল্লাহু আনহু এর সাথে ইশার পরও আলোচনা করতেন। আমিও তাঁদের সঙ্গে থাকতাম। - সহিহাহ ২৭৮১, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু আমর, আওস ইবনু হুযায়ফা, ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। হাসান ইবনু উবায়দিল্লাহ (রহঃ) ও উমর রাদিয়াল্লাহু আনহু থেকে একটি ঘটনা প্রসঙ্গে এই হাদিসটি বর্ণনা করেছেন। সাহাবী, তাবিঈ ও পরবর্তী যুগের আলিমগণের মধ্যে ইশার পর আলাপ আলোচনা সম্পর্কে মতভেদ

রয়েছে। তাঁদের এক দল ইশার পর আলাপ আলোচনা করা মাকরুহ বলেছেন। অপর একদল বলেন যদি জ্ঞানার্জন বা প্রয়োজনীয় বিষয় হয় তবে ইশার পরও আলাপ আলোচনার অনুমতি রয়েছে। অধিকাংশ হাদিসই বিষয়টি জায়েয হওয়ার প্রমাণ ব্যক্ত করে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন মুসল্লী ও মূসাফির ছাড়া অন্য কারো জন্য ইশার পর আলাপ আলোচনা ঠিক নয়।

## English

Umar bin Al-Khattab narrated:
"Allah's Messenger would talk during the night with Abu Bakr about matters concerning the Muslims while I was with them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন